দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 JUL 1988
পৃষ্ঠা 1 কলাম 5

024



সংগ্রাম পরিষদের কেন্দ্রীয় কর্মসূচী হিসেবে গতকাল বুধবার স্কুলের ছাত্র-ছাত্রীরা টেক্স বুক বোর্ড অফিসের সামনে অবস্থান করে —খবর

# টেক্সট বুক বোর্ডের সামনে ছাত্রদের অবস্থান ধর্মঘট

।। স্টাফ রিপোর্টার ।।

মাধ্যমিক পর্যায়ে প্রতিটি বিষয়ে তিনটি পাঠ্য পুস্তক প্রকাশ ও বই প্রকাশের দায়িত্ব বেসরকারী প্রতিষ্ঠানের হাতে

৩-এর পাতায় দেখুন

## টেক্সট বুক বোর্ডের

প্রথম পৃষ্ঠার পর

অর্পণের সিদ্ধান্ত বাতিলের দাবীতে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ গতকাল বুধবার মতিঝিল টেক্সট বুক বোর্ডের সামনে অবস্থান ধর্মঘট শেষে বোর্ডের চেয়ারম্যানের কাছে স্মারকলিপি দিয়েছে।

সকাল থেকে ঢাকার বিভিন্ন স্কুল থেকে ছাত্রছাত্রীদের মিছিল এসে বোর্ড অফিসের সামনে সমবেত হয়। অবস্থান ধর্মঘট চলাকালে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন ছাত্রনেতা নাজমুল হক প্রধান। বক্তব্য রাখেন ছাত্রনেতা অসীম কুমার উকিল, নাসিরউদ-দুজ্জা, নূর আহমেদ বকুল ও বজলুর রশিদ ফিরোজ।

সমাবেশ ও অবস্থান ধর্মঘট শেষে একই বিষয়ে তিনটি পুস্তক প্রকাশ ও টেক্সট বুক বোর্ডের বই ব্যক্তিমালিকানায় দেয়ার সিদ্ধান্ত বাতিলের দাবী সম্বলিত স্মারকলিপি পরিষদের কেন্দ্রীয় নেতৃবৃন্দ বোর্ডের চেয়ারম্যানের কাছে পেশ করেন।

এ দাবী আদায়ের লক্ষ্যে পরিষদ আগামী ২৫ থেকে ৩০শে জুলাই স্বাক্ষর সংগ্রহ অভিযান, গণ-সংযোগ ও প্রচার সপ্তাহ, ৩১শে জুলাই স্কুল ছাত্র সমাবেশ ও আগামী ২রা আগস্ট স্কুল ধর্মঘট আহবান করেছে।

### ছাত্রদলের সমাবেশ

জাতীয়তাবাদী ছাত্রদলের ছাত্রনেতা রবিউল হাসান মিলন হত্যাকান্ড ও শিক্ষাঙ্গনে সন্ত্রাস নৈরাজ্যের প্রতিবাদে গতকাল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মুখে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি ছাত্রনেতা আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রনেতা আমানুল্লাহ আমান, মোশাররফ আহমেদ ঠাকুর, নাজিম উদ্দিন আলম, শফিক আহমেদ রানা ও গৌতম মিত্র।

সমাবেশে বলা হয়, সরকার ও বিশেষ গোষ্ঠী আঁতাতের মাধ্যমে দেশে হত্যা-সন্ত্রাস-নৈরাজ্যের এক বিভীষিকাময় পরিস্থিতি বিরাজ করছে। দেশে জনগণের জানমালের কোন নিরাপত্তা নেই। আইন-শৃংখলা পরিস্থিতির চরম অবনতি ঘটেছে। সন্ত্রাস-নৈরাজ্যের বিরুদ্ধে প্রশাসন আইনের শাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে কোন প্রকার নিরপেক্ষ ভূমিকা পালনে সক্ষম হচ্ছেনা।